আজকের কাগজ

তারিখ ..13 OCT 1992 ... ...
পৃষ্ঠা... ২... কলাম ৬ ...

# ইডেনে ছাত্রদল-ছাত্রলীগ কর্মীদের মধ্যে সংঘর্ষ : আহত ৩

**কাগজ প্রতিবেদক :** ইডেন কলেজে গতকাল দুপুরেও দু'দল ছাত্রীর মধ্যে মারামারি হয়েছে। জাতীয়তাবাদী ছাত্রদল ইডেন কলেজ শাখার কর্মীদের মধ্যে ছাত্রলীগ কর্মীদের এ সংঘর্ষ হয়েছে। ছাত্রলীগের বীথি ও মেরিসহ ১০ জন এবং ছাত্রদলের তৌহিদুর নাহার বিজলী আহত হয়েছে বলে উভয় সংগঠন দাবি করেছে। আহত ছাত্রলীগ কর্মিদের মধ্যে বীথি ও মেরী হাসপাতালে চিকিৎসাধীন আছেন। ঘটনাকে কেন্দ্র করে পরস্পরকে দায়ি করে উভয় পক্ষই লালবাগ থানায় দু'টি পৃথক মামলা দায়ের করেছে।

ছাত্রলীগ ইডেন কলেজ শাখা গতকাল সন্ধ্যায় সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে নেতারা জানান, ইডেন কলেজে জাতীয়তাবাদী ছাত্রদল কর্মীরা সন্ত্রাস করছে। তারা জানান, ইডেন কলেজ ক্যাম্পাসে এখন কোনো ছাত্রলীগ নেতা-কর্মী নেই। তারা অধ্যক্ষার বিরুদ্ধে ছাত্রদলের সন্ত্রাস পরিচালনা পৃষ্ঠপোষকতা করা ও একটি বিশেষ গোষ্ঠির [illegible] করার অভিযোগ আনেন এবং তাঁর অপসারণ দাবি করেন।